

উৎকর্ষ বাংলা কুইজ প্রতিযোগিতা

বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীকে আনন্দের সাথে অবগত করছি যে আমাদের বিদ্যালয়ে সপ্তম শ্রেণির চার ছাত্র ১)শুভম শ্রীমনী,২)স্বপ্নদীপ ঘোষ,৩)সাগ্নিক নাথ ও ৪)উচ্ছাস ব্যানার্জী কে নিয়ে গঠিত দল জুনিয়ার বিভাগ উৎকর্ষ বাংলা কুইজ প্রতিযোগিতায় প্রথমে বাঁকড়া সার্কেলে ২য় স্থান, পরে ডোমজুড ব্লকে ২য় স্থান, অতঃপর হাওড়া জেলায় ১ম স্থান অধিকার করেছে। সেই সাথে আগামীদিনে রাজ্যস্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণের ছাড়পত্র অর্জন করেছে। বিদ্যালয় আজ এদের কৃতিত্বে গর্বিত। আগামীদিনে এদের এইরূপ আরও সাফল্য কামনা করি। বিদ্যালয়ের পক্ষ থেকে ওদের সকলের প্রতি রইল প্রীতি শুভেচ্ছা ও ভালোবাসা। সিনিয়র দল এবারে ব্যর্থ হলেও আগামীদিনে সফল হবে আশা রাখছি। সবশেষে টিম গঠন থেকে যথাযথ ভাবে টিমকে গাইড করার জন্য বিদ্যালয়ের শিক্ষক তারকনাথ ঘোষাল মহাশয়কে অসংখ্য ধন্যবাদ।

ধন্যবাদান্তে

ভবানী প্রসাদ রায়